www.cpa.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে **অন-লাইনে** দরখাস্ত আহবান করছে ঃ-

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল জাঃবেঃস্কেল- ২০১৫ | ২৫/০১/২০১৭ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | ষাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১০ | টাঃ ১০২০০-২৪৬৮০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | ক) এইচ, এস, সি/ডিপ্লোমা-ইন-কমার্স সহ বাংলা ও ইংরেজী সাঁটলিপি ও মুদ্রাক্ষরে সরকার কর্তৃক নির্ধারিত গতি সম্পন্ন হতে হবে । কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। উপরোক্ত গতি সম্পন্ন স্নাতক ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে ।<br>খ) উপযুক্ত ট্রেড সনদ থাকতে হবে।<br>গ) বিভাগীয় প্রার্থীর জন্য বয়স শিথিলযোগ্য। |
| ২। | ওয়েল্ডার-কাম-গ্যাস কার্টার | ০১ | টাঃ ১০২০০-২৪৬৮০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | ক) ৮ম শ্রেণী পাশসহ ওয়েল্ডিং ট্রেডে ২ বৎসর মেয়াদী ট্রেড কোর্স সনদ । |
| ৩। | লাইব্রেরিয়ান | ০১ | টাঃ ১০২০০-২৪৬৮০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | ক) কমপক্ষে ইংরেজী ও বাংলায় উভয় ভাষায় ব্যাখ্যা করার ক্ষমতাসহ স্নাতক ডিগ্রী। গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাধারীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>খ) সমন্বয় এবং অভ্যর্থনা ও লাইব্রেরীর কাজে পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪। | ইনল্যান্ড মাষ্টার (৩য় শ্রেণী) | ০২ | টাঃ ৯৭০০-২৩৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩৫ বৎসর | ক) ৮ম শ্রেণী পাশ।<br>খ) ৩য় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সনদ এবং কর্ণফুলী এনডোর্সমেন্ট। |
| ৫। | নিম্নমান বহিঃ সহকারী | ৪১৬ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | কমপক্ষে ২য় বিভাগে এইচ এস সি পাশ। টাইপ জানা স্নাতক ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। **(কেবল মাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন)** |
| ৬। | নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর/ সহঃ সময়রক্ষক | ১২১ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | (ক) কমপক্ষে ২য় বিভাগে এইচ.এস.সি পাশ। স্নাতক ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে।<br>(গ) ইংরেজী ও বাংলা কম্পিউটার টাইপে ট্রেড সনদ থাকতে হবে। |
| ৭। | জুনিয়র ষ্টোরম্যান | ২৮ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | কমপক্ষে এইচ, এস, সি অথবা সমমানের পরীক্ষায় পাশ। স্নাতক ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৮। | মিটার রিডার | ০২ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় পাশ। |
| ৯। | ষ্টুয়ার্ড (চিকিৎসা বিভাগ) | ০১ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | ক) কমপক্ষে এইচ এস সি সহ ক্যাটারিং এ সনদধারী।<br>খ) ক্যাটারিং/হাসপাতালের কাজে অভিজ্ঞতা। |
| ১০। | ষ্টুয়ার্ড (বন্দর বিশ্রামাগার) | ০১ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | ক) ন্যূনপক্ষে এইচ এস সি পাশ সহ ক্যাটারিং এ সনদ।<br>খ) ক্যাটারিং ও রেষ্ট হাউজের কাজে অভিজ্ঞতা। |
| ১১। | ডার্করুম সহকারী (চিকিৎসা বিভাগ) | ০১ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | এসএসসি (বিজ্ঞান) এবং অনুমোদিত হাসপাতাল/প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২। | অটো মেকানিক (গ্রেড-২) | ০৭ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | ৮ম শ্রেনী পাশ সহ ২ বৎসর মেয়াদী অটোমোটিভ ট্রেড কোর্স সনদ । |
| ১৩। | গজ রীডার | ০৩ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | এইচ. এস. সি (বিজ্ঞান) পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা । |
| ১৪। | ভেকসিনেটর/টিকাদানকারী | ০১ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ ৩০ বৎসর | কমপক্ষে এইচ এস সি সহ ট্রেড সনদধারী হতে হবে। |

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল জাঃবেঃস্কেল- ২০১৫ | ২৫/০১/২০১৭ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১৫। | সহকারী ফায়ার ব্রিগেড ইন্সপেক্টর | ০৩ | টাঃ ৯৩০০-২২৪৯০/- | ন্যূনতম ১৮ বৎসর অনূর্ধ ৩০ বৎসর | (ক) বিজ্ঞানে স্নাতক ডিগ্রী।<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের সনদসহ ফায়ার সার্ভিস/সিভিল ডিফেন্স এবং সেফটি মেজারস কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) শারীরিক যোগ্যতা নিম্নরূপঃ<br>❑ **পুরুষ প্রার্থীদের জন্যঃ**<br>১. উচ্চতা : কমপক্ষে ৫ ফুট ৫ ইঞ্চি ।<br>২. বুকের মাপ : স্বাভাবিক কমপক্ষে ৩০ ইঞ্চি, প্রসারণ কমপক্ষে ৩২ ইঞ্চি।<br>৩. ৪০০ মিটার দৌড় : ৮০ সেকেন্ড ।<br>❑ **মহিলা প্রার্থীদের জন্যঃ**<br>১. উচ্চতা : কমপক্ষে ৫ ফুট ৩ ইঞ্চি ।<br>২. বুকের মাপ : স্বাভাবিক কমপক্ষে ২৮ ইঞ্চি, প্রসারণ কমপক্ষে ৩০ ইঞ্চি।<br>৩. ৪০০ মিটার দৌড় : ১০০ সেকেন্ড।<br>❑ **পুরুষ ও মহিলা উভয় প্রার্থীর ক্ষেত্রে অন্যান্য শারিরীক/ডাক্তারী যোগ্যতা ঃ**<br>**১. আবেদনকারীকে অবশ্যই সাঁতার জানতে হবে এবং সাহসী ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।**<br>**২. দৃষ্টিশক্তি ৬×৬ হতে হবে। বর্ণান্ধ (Colour Blind) হতে পারবে না;**<br>**৩. রক্তচাপ স্বাভাবিক;**<br>**৪. দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস 'বি' নিগেটিভ (HBs Ag `Negative') হতে হবে;**<br>**৫. নক্‌নি (Knock Knee) এবং ফ্ল্যাট ফুট (Flat Foot) থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে;**<br>**৬. ওজনঃ উচ্চতা, বয়স অনুপাতে বাংলাদেশের জন্য সরকারী সংস্থা/ সামরিক/আধা সামরিক বাহিনীর জন্য প্রযোজ্য তালিকা অনুযায়ী অনুসৃত হবে।** |
| ১৬। | সহকারী খানসামা/কুক | ০১ | টাঃ ৮৫০০-২০৫৭০/- | ন্যূনতম ১৮ বৎসর অনূর্ধ ৩০ বৎসর | (ক) ন্যূনপক্ষে ৮ম শ্রেনী পাশ । তবে এস, এস,সি পাশ হলে অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) উপ-মহাদেশীয় ইংলিশ এবং চাইনিজ খাবার তৈরী করতে সক্ষম হতে হবে ।বয়/বেয়ারাদিগকে নিয়ন্ত্রণ করতে সক্ষম হতে হবে। |
| ১৭। | এস.এস.আর.এস খালাসী | ০৫ | টাঃ ৮৮০০-২১৩১০/- | ন্যূনতম ১৮ বৎসর অনূর্ধ ৩০ বৎসর | ৮ম শ্রেনী পাশ । |
| ১৮। | হেলপার | ১৬ | টাঃ ৮৮০০-২১৩১০/- | ন্যূনতম ১৮ বৎসর অনূর্ধ ৩০ বৎসর | ৮ম শ্রেনী পাশ সহ কারিগরী শিক্ষা বোর্ড প্রদত্ত অটোমোটিভ ট্রেডে (১ম পর্ব) ১ বছরের ট্রেড কোর্স সনদধারী হতে হবে। |
| ১৯। | ফায়ার ফাইটার | ৪৬ | টাঃ ৮৫০০-২০৫৭০/- | ন্যূনতম ১৮ বৎসর অনূর্ধ ৩০ বৎসর | (ক) কমপক্ষে এস, এস, সি পাস।<br>খ) শারীরিক যোগ্যতা নিম্নরূপঃ<br>❑ **পুরুষ প্রার্থীদের জন্যঃ**<br>১. উচ্চতা : কমপক্ষে ৫ ফুট ৫ ইঞ্চি ।<br>২. বুকের মাপ : স্বাভাবিক কমপক্ষে ৩০ ইঞ্চি, প্রসারণ কমপক্ষে ৩২ ইঞ্চি।<br>৩. ৪০০ মিটার দৌড় : ৮০ সেকেন্ড ।<br>❑ **মহিলা প্রার্থীদের জন্যঃ**<br>১. উচ্চতা : কমপক্ষে ৫ ফুট ৩ ইঞ্চি ।<br>২. বুকের মাপ : স্বাভাবিক কমপক্ষে ২৮ ইঞ্চি, প্রসারণ কমপক্ষে ৩০ ইঞ্চি।<br>৩. ৪০০ মিটার দৌড় : ১০০ সেকেন্ড।<br>❑ **পুরুষ ও মহিলা উভয় প্রার্থীর ক্ষেত্রে অন্যান্য শারিরীক/ডাক্তারী যোগ্যতা ঃ**<br>**১. আবেদনকারীকে অবশ্যই সাঁতার জানতে হবে এবং সাহসী ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।**<br>**২. দৃষ্টিশক্তি ৬×৬ হতে হবে। বর্ণান্ধ (Colour Blind) হতে পারবে না;**<br>**৩. রক্তচাপ স্বাভাবিক;** |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | **৪. দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস 'বি' নিগেটিভ (HBs Ag `Negative') হতে হবে;<br>৫. নক্‌নি (Knock Knee) এবং ফ্ল্যাট ফুট (Flat Foot) থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে;<br>৬. ওজন: উচ্চতা, বয়স অনুপাতে বাংলাদেশের জন্য সরকারী সংস্থা/ সামরিক/আধা সামরিক বাহিনীর জন্য প্রযোজ্য তালিকা অনুযায়ী অনুসৃত হবে।** |

**অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী ঃ**

১। আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট- **jobscpa.org** তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে।

২। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ x ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা **রঙিন ছবি** এবং ৩০০ x ৮০ সাইজের **স্বাক্ষর** আপলোড করতে হবে।

৩। অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিষ্টেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিষ্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ০১-১৫ নং ক্রমিক এর পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং ১৬-১৯ নং ক্রমিক এর পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা।

৪। ১, ৩, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১৩, ১৫, ১৬, ১৭ এবং ১৯ নং ক্রমিকের পদ সমূহে আবেদনকারী প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র/সনদ প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে অন-লাইন আবেদনের কপি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমানস্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, **জাতীয় পরিচয় পত্র**, প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের এর উপর পদের নাম উল্লেখ করতে হবে।

৫। ২, ৪, ১২, ১৪ এবং ১৮ নং ক্রমিকের পদে আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইনে আবেদন করার ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনের প্রিন্ট/হার্ড কপির সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমানস্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, **ট্রেড কোর্স সনদ**, জাতীয়তা সনদ, **জাতীয় পরিচয় পত্র**, প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, **লাইসেন্স,** অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের এর উপর পদের নাম উল্লেখ করতে হবে।

৬। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে।

৭। নিয়োগের ব্যাপারে সরকারী বিধি অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে।

৮। অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে।

৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১০। ক্রমিক-৪ এর পদ ব্যতিত অন্যান্য পদের জন্য মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

**১১। ক্রমিক- ১৫ ও ১৯ এ বর্ণিত যথাক্রমে সহকারী ফায়র ব্রিগেড ইন্সপেক্টর ও ফায়ার ফাইটার পদে আবেদনকারীদের শারীরিক যোগ্যতা ও মেডিক্যাল টেষ্টে নির্বাচিত হলে পরবর্তীতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

১২। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩। অন লাইনে আবেদন গ্রহণের শেষ সময় ঃ - ২৫/০১/২০১৭ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত।

১৪। সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখ - ২৬/০১/২০১৭ খ্রিঃ।

02/01/2017

(সাদেকা বেগম)
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং ১৮.০৪.০০০০.১৮১.১১.০৩৮.২০১৫/০৬ তারিখ ঃ ২/০১/২০১৭খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো ঃ-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ।
২। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ।
৩। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ।
৪। সকল সদস্য, চবক।
৫। সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধান, চবক ।
৬। সচিব, চবক-বিজ্ঞপ্তিটি ঢাকার ৩টি (২টি বাংলা ও ১টি ইংরেজী) দৈনিকে এবং চট্টগ্রামের ২টি (বাংলা) দৈনিকে এক দিনের জন্য প্রকাশনার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে।
৭। সিষ্টেম এনালিষ্ট, চবক-বিজ্ঞপ্তিটি চবক এর ওয়েব সাইটে প্রদর্শন এবং অন-লাইনে চাকুরীর আবেদন গ্রহণের ও নিয়োগ কার্যক্রম সম্পূর্ন শেষ না হওয়া পর্যন্ত অন-লাইনে আবেদনকারীদের যাবতীয় তথ্যাদি চবক এর কম্পিউটার সিষ্টেমে সংরক্ষণের অনুরোধ করা হলো।
৮। ম্যানেজার, সোনালী ব্যাংক, বন্দর ভবন শাখা, চট্টগ্রাম- সোনালী সেবার মাধ্যমে নিয়োগ পরীক্ষার ফি গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো।
৯। লিয়াঁজো অফিসার, ঢাকাস্থ চবক সংযোগ দপ্তর, ৩৩ নিউ ইস্কাটন রোড, ইসমাইল লেইন, ঢাকা।
১০। সহকারী পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আগ্রাবাদ, চট্টগ্রাম ।
১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, চবক ।

২/১/১৭

চীফ পারসোনেল অফিসার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ